গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, উন্নয়ন শাখা
www.lawjusticediv.gov.bd

নম্বর-১০.০০.০০০০.১২৬.২০.০৭৯.২২.১১

তারিখঃ ২৬ মাঘ ১৪৩১ / ০৯ ফেব্রুয়ারি ২০২৫

প্রেরক : মুহাম্মদ ওমর ফারুক
সিনিয়র সহকারী সচিব

প্রাপক : চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, কক্ষ-৫০৩, ৫ম তলা, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: ২০২৪-২৫ অর্থবছরে ১২১-আইন ও বিচার বিভাগের বাজেটে "১২১০১০১১০৪৪১৯-সচিবালয়, আইন ও বিচার বিভাগ" অংশের '৩২৫৮১০৮-অন্যান্য ভবন ও স্থাপনা' খাত হতে অর্থ বরাদ্দ প্রদান।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, চলতি ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে "১২১০১০১১০৪৪১৯-সচিবালয়, আইন ও বিচার বিভাগ" এর '৩২৫৮১০৮-অন্যান্য ভবন ও স্থাপনা' মেরামত ও সংরক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থ হতে ছকে বর্ণিত প্রাক্কলনসমূহের বিপরীতে সর্বমোট ৯০,০০,০০০/- (নব্বই লক্ষ) টাকা নিম্নবর্ণিত শর্তে ছাড় করা হলো। ছাড়কৃত অর্থ সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ এর নিকট অথরাইজেশনসহ প্রাক্কলনসমূহের বিপরীতে অর্থ ব্যয়ের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো।

| ক্রমিক নং | প্রাক্কলিত কাজের বিবরণ | অর্থের পরিমাণ |
|---|---|---|
| ১. | বিচার বিভাগ সংস্কার কমিশনের সচিব ও অন্যান্য সহযোগী কর্মকর্তাগণের ২০৮ নং কক্ষে এয়ারকুলার স্থাপন ও আনুষঙ্গিক বৈদ্যুতিক মেরামতকরণ কাজ। | ৮,০০,০০০/- |
| ২. | নরসিংদী জেলা জজ কোর্টের ২য় তলার উপর দুইটি নতুন এজলাস নির্মাণ কাজ (সিভিল, স্যানেটারী ও বৈদ্যুতিক কাজসহ)। | ৪০,০০,০০০/- |
| ৩. | টাঙ্গাইল পুরাতন মুন্সেফ কোয়ার্টারের উত্তর ও পূর্ব দিকের সীমানা প্রাচীর নির্মাণ কাজ। | ১৮,০০,০০০/- |
| ৪. | নেত্রকোনা জেলা ও দায়রা জজ আদালত ভবনের বিভিন্ন কক্ষ, এজলাস, সেরেস্তা কক্ষ এবং করিডোর ভিতর-বাহির রংকরণসহ আনুষঙ্গিক মেরামত ও সংস্কার কাজ। | ২৪,০০,০০০/- |
| | মোট ছাড়কৃত অর্থের পরিমাণঃ ৯০,০০,০০০/- (নব্বই লক্ষ) টাকা। | |

শর্ত:

(ক) এ অর্থ অনুমোদিত খাত ব্যতীত অন্য কোন খাতে/উদ্দেশ্যে ব্যয় করা যাবে না;
(খ) উক্ত অর্থ ব্যয়ে পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮ অনুসরণ করতে হবে;
(গ) উল্লিখিত কাজ সম্পাদন শেষে এ বিভাগকে অবহিত করতে হবে; এবং
(ঘ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে সমর্পণ আদেশ জারিপূর্বক অর্থ বিভাগকে অবহিত করতে হবে।

০২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা-কে অথরিটি প্রদানের জন্য অনুরোধ করা হলো।

০৯/০২/২৫

(মুহাম্মদ ওমর ফারুক)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪৫৭৬৫(অঃ)।

নম্বর-১০.০০.০০০০.১২৬.২০.০৭৯.২২.১১ তারিখঃ ০৯/০২/২০২৫ খ্রিঃ

অনুলিপি, অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. জেলা জজ, নরসিংদী/টাঙ্গাইল/নেত্রকোনা।
২. পরিচালক, প্রশাসন বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৪, ভবন নং-৪ (নীচ তলা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. নির্বাহী প্রকৌশলী, নরসিংদী/টাঙ্গাইল/নেত্রকোনা গণপূর্ত বিভাগ।
৭. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৮. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৯/০২/২৫

(মুহাম্মদ ওমর ফারুক)
সিনিয়র সহকারী সচিব